

2021
BENGALI
[HONOURS]
Paper : V

Full Marks : 100

Time : 4 Hours

*The figures in the right-hand margin indicate marks.**Candidates are required to give their answers in their own words as far as practicable.*1। যে-কোনো পাঁচটি প্রশ্নের উত্তর দাও : $1 \times 5 = 5$

- ক) ‘এবং ইন্দ্রজিৎ’ কত খীষ্টাদে প্রকাশিত হয়?
 - খ) রাজার ডাক-হরকররা বিশেষ কী চিহ্ন পরিধান করে?
 - গ) ‘নূরজাহান’ নাটকে কণসিংহ কোথাকার রাজা ছিলেন?
 - ঘ) মহাবৎ খাঁ কত সেনা নিয়ে মোগল সৈন্যকে আক্রমণ করেছিল?
 - ঙ) দুটি বিখ্যাত বাংলা প্রহসনের নাম লেখো।
 - চ) পাথুরিয়াঘাটা বঙ্গ নাট্যালয়ের প্রতিষ্ঠাতা কে?
 - ছ) বেলগাছিয়া নাট্যশালায় প্রথম কোন নাটক অভিনীত হয়?
 - জ) দুটি বিখ্যাত বাংলা একান্ত ও তার রচয়িতার নাম লেখো।
- ২। যে-কোনো দশটি প্রশ্নের উত্তর দাও : $2 \times 10 = 20$
- ক) অমল কোথায় চাঁপা হয়ে ফুটতে চেয়েছিল?

- খ) প্রহরী অমলের চেহারার কেমন বর্ণনা দেয়?
 - গ) ‘এবং ইন্দ্রজিৎ’ নাটকের জুতো পালিশওয়ালার বর্ণনা দাও।
 - ঘ) ‘এবং ইন্দ্রজিৎ’ নাটকে বিমল বাড়ি করার জন্য কোথা থেকে ঝণ নিয়েছিল?
 - ঙ) ন্যাশনাল থিয়েটারে প্রথম কত তারিখে কোন নাটক অভিনীত হয়?
 - চ) ‘নাট্য নিয়ন্ত্রণ আইন’ কে চালু করেন, কবে?
 - ছ) নবীন বসুর থিয়েটার কোথায়, কত খীষ্টাদে প্রতিষ্ঠিত হয়?
 - জ) ‘ডাকঘর’ নাটকে মহারাজ কখন অমলের কাছে আসবেন বলেছিলেন? তিনি আগে কাকে পাঠিয়েছিলেন?
 - ঝ) কবিরাজ অমলের সদর দরজা কেন বন্ধ করতে বলেছিলেন?
 - ঞ) ‘নূরজাহান’ নাটকে শারিয়ারের কি পরিণতি হয়েছিল? কেন হয়েছিল?
 - ট) ‘নূরজাহান’ নাটকে রেবার পরিচয় দাও।
 - ঠ) জাহাঙ্গীরের চার পুত্রের নাম লেখো।
- ৩। যে-কোনো পাঁচটি প্রশ্নের উত্তর দাও : $6 \times 5 = 30$
- ক) অমল ও দইওয়ালার কথোপকথনে প্রকৃতির সৌন্দর্যের যে বর্ণনা পাওয়া যায় তা বিশ্লেষণ করো।
 - খ) ‘নূরজাহান’ নাটকে লায়লা কোন কোন গান গেয়েছে তা লেখো। নাটকে সেই গানগুলির কী তাৎপর্য লক্ষণীয়?
 - ঝ) ‘কী হবে সান্তানে নাথ! চল আমরা দূর কোন বনগামে যাই, সেখানে কৃষক দম্পত্তি হয়ে সুখে জীবন অতিবাহিত

করি' — কে, কাকে বলেছেন? এই উক্তির আলোকে
বক্তার চরিত্র বিশ্লেষণ করো।

- ঘ) ‘একশো। দুশো। জানি না কত। ম্যাট্রিকুলেশন সার্টিফিকেটের
হিসেবে পঁয়ত্রিশ।’ — কে বলেছে? সংলাপটির প্রকৃত অর্থ
কী?
- ঙ) পৌরাণিক নাটকের সংজ্ঞা, বিশেষত্ব ও উদাহরণ দাও।
- চ) ট্র্যাজেডি কাকে বলে? ট্র্যাজেডি ও কমেডির পার্থক্য লেখো।
- ছ) আশুতোষ দেবের থিয়েটারের অভিনয়গুলির বিবরণ দাও।
- জ) বাংলা রসমধ্বের ইতিহাসে জোড়াসাঁকো নাট্যশালার
ব্যতিক্রমী বৈশিষ্ট্যগুলি লিপিবদ্ধ করো।

৪। যে-কোনো তিনটি প্রশ্নের উত্তর দাও : $15 \times 3 = 45$

- ক) ট্র্যাজেডি হিসাবে ‘নূরজাহান’ নাটকটি কি সার্থক বলে
তোমার মনে হয়? বিষয়টি বুবিয়ে দাও।
- খ) শেষ দৃশ্যে ঠাকুরদা কেন বলেন—‘চুপ করো’ অবিশ্বাসী!
কথা কোরো না।’ এই বক্তব্যের পরিপ্রেক্ষিতে অমল ও
ঠাকুরদার গভীর সম্পর্কটি ব্যক্ত করো।
- গ) ‘মানসীর বোন মানসী। মানসীর বন্ধু মানসী। মানসীর মেয়ে
মানসী।’ — এই সংলাপটিকে ব্যাখ্যা করে নাটকে মানসী
চরিত্রটি বিশ্লেষণ করো।
- ঘ) বাংলা রসমধ্বের ইতিহাসে লেবেডফে’র অবদান সম্পর্কে
বিস্তারিত আলোচনা করো।
- ঙ) অ্যাবসার্ড নাটকের সংজ্ঞা দাও। এই শ্রেণীর নাটকের
বৈশিষ্ট্যগুলি লেখো। বিশ্বসাহিত্য ও বাংলাসাহিত্যের দুটি
করে উদাহরণ দাও।